দৈনিক ইত্তেফাক

তারিখ ০২ FEB 2016
পৃঃ ২-৩ কলাম ৬

# সন্ত্রাসীদের ভয়ে পালিয়ে থাকা ছাত্রীর পরীক্ষার ব্যবস্থা করলো পুলিশ

■ **বগুড়া প্রতিনিধি**

সন্ত্রাসীতে ভয়ে আত্মগোপনে থাকা এক অসহায় ছাত্রীকে এসএসসি পরীক্ষার ব্যবস্থা করে দেয়া হয়েছে। রবিবার রাতে বগুড়ার পুলিশ সুপারের হস্তক্ষেপে আত্মগোপনে থাকা ওই পরীক্ষার্থীকে পুলিশের উদ্যোগে বাড়িতে নিয়ে আসা হয়। এরপর সোমবার পুলিশী নিরাপত্তায় গোকুল তছলিম উদ্দিন উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষায় অংশ নেয় দরিদ্র পরিবারের ওই ছাত্রীটি।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, শহরতলীর গোকুল মধ্যপাড়ার ওই ছাত্রীটির ওপর কু-নজর পরে আতিকুর রহমান আকুল নামের এক সন্ত্রাসীর। সে মেয়েটিকে বিয়ে করার চেষ্টা করে। মেয়েটির পরিবার তাতে অস্বীকৃতি জানায়। এতে সে ক্ষিপ্ত হয়ে গত ৯ জানুয়ারি দলবল নিয়ে ছাত্রীটির বাড়িঘরে হামলা চালায়। এ অবস্থায় সন্ত্রাসীদের হাত থেকে বাঁচতে ওই পরিবারটি এক সপ্তাহ আগে বাড়িঘর ছেড়ে পালিয়ে আত্মগোপন করে। রবিবার সাংবাদিকদের মাধ্যমে বগুড়ার পুলিশ সুপার মো. আসাদুজ্জামান ঘটনাটি জানতে পেরে আত্মগোপনে থাকা ওই পরীক্ষার্থীকে বাড়িতে ফিরিয়ে আনার উদ্যোগ নেন। তিনি রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেন। এ ঘটনায় আকুলসহ ৮ জনের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। পরে পুলিশ অভিযান চালিয়ে ৪ জনকে গ্রেফতার করে।

বগুড়া সদর থানার ওসি আবুল বাশার জানান, আত্মগোপনে থাকা ওই মেয়ে সোমবার পরীক্ষায় অংশগ্রহণ করেছে। তার পরিবারের নিরাপত্তার ব্যবস্থাও করা হয়েছে।